(২) পেপটিক আলসার বা অন্য কারণে আভ্যন্তরিন রক্তক্ষরণ হলে।
(৩) হিমোফিলিয়া, লিউকো মিয়া বা অন্যান্য রক্তরোগে।
(৪) শরীরে অনেকাংশে পুড়ে... যাবার পরে।
(৫) দীর্ঘস্থায়ী রক্তপূণ্যতায় ভূগলে।
(৬) অপারেশন এ সময় বা বড় অপারেশন এর পরে।
ব্লাড ব্যাংকে অভিজ্ঞ ডাক্তারের তত্ত্বধান ছাড়া রক্তদান ও রক্ত গ্রহণ নিষেধ।

ব্লাডট্রান্সফিউশনে জটিলতা

রক্তদানের সময় বা পরে গ্রহীতার বিভিন্ন শারিরীক অসুবিধা হতে পারে

(১)ক্রস ম্যাচিং না করে একই গ্রুপের রক্ত দিলে অনেক সময় গ্রহীতার রক্তচাপ কমে শকে চলে যেতে পারে এবং কিডনীর কার্যক্রম বন্ধ হতে পারে।

(২) জ্বর হতে পারে, শ্বাসকষ্ট ও কাঁপুনী হতে পারে।

(৩) দ্রুত রক্ত দিলে ফুসফুসে পানি জমতে পারে বা হার্ট ফেইলোর হতে পারে।

(৪) হাতে পায়ে খিচুনী হতে পারে।

(৫) রক্তনালীতে ইনফেকশন বা থ্রমবোফ্লবাইটিস হতে পারে।

(৬) উপযুক্ত পরীক্ষা না করে রক্ত দিলে এইডস, ম্যালেরিয়া, হেপাটাইটিস বি, সিফিলিস ইত্যাদি রোগ হতে পারে।

প্রত্যেক সুস্থ মানুষের উচিত প্রতি ৪মাস অন্তর রক্ত দেয়া। নিজের আত্নীয় স্বজনদের প্রয়োজন নিজেরা রক্ত দিবেন। কেনা রক্ত শরীরে নেয়া বিপদজনক। কারণ রক্ত বিক্রেতারা বিভিন্ন রোগে আক্রান্ত।





চিত্র ৯: রক্তের গ্রুপ নির্ণয়ের পদ্ধতি

ব্লাড প্রেশার

এই পাঠ শেষে শিক্ষার্থীরা

১. ব্লাড প্রেশার বিষয়ক সম্যক ধারণা লাভ ও তা ব্যাখ্যা করতে পারবে;

২. ব্লাড প্রেশার শিক্ষার প্রয়োজনিয়তা ব্যাখ্যা করতে পারবে;

৩. ব্লাড প্রেশারের শেনী বিভাগসহ প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারবে

৪. স্বাস্থ্য সুরক্ষায় ও সচেতনতা বৃদ্ধিতে শিক্ষার্থীর করণীয় কী তা বলতে পারবেন।

ব্লাড প্রেসার বা রক্ত চাপ...

রক্ত চাপ ৪ ধরনের

(১) সিসটোলিক ঃ হার্টএর সিসটোল বা সংকোচনের সময় সর্বোচ্চ যে চাল রক্তনালীর দেয়ালে রক্ত দেয় তাকে .... বলে । স্বাভাবিক ১০০-১৪০ মি.মি মার্কারী । এর দ্বারা বোঝা যায়ঃ

(ক) হার্ট এর সংকোচন ক্ষমতা।

(খ) হার্ট কি পরিমাণ কাজ করতে পারে ....

(গ) ধমনীর দেয়াল কতটুকু চাপ সহ্য করতে পারে।

(২) ডায়াসটোলিক প্রেসার হৃদপিন্ড প্রসারনের .... সময় সর্ব নিম্ন যে চাপ রক্ত ধমনীতে দেয় তাকে .... বলে ।

স্বাভাবিক মাত্রা ৬০-৯০ মি.মি. মার্কারী এর দ্বারা বোঝা যায় ঃ

(ক) হৃদপিন্ড যে স্থায়ী চাপের বিরুদ্ধে কাজ করে তাহা .....

(খ) এর দ্বারা পেরিফেরাল রেজিষ্টান্স বোঝা যায়।

(৩) পালস প্রেসার ঃ সিসটোলিক ও ডায়াসটোলিক প্রেসারের পার্থক্য।

মাত্রা-৩৫-৪৫ মি.মি. মার্কারী ।

(৪) মিন প্রেসার ঃ .... যে রক্ত চাপ হৃদপিন্ডের পুরো চক্র ... ব্যাপিয়া থাকে তাকে মীন প্রেসার বলে। মিন প্রেসার বাড়লে উচ্চ রক্তচাপ হবার সম্ভাবনা থাকে।

মাত্রা-৮৬-৯৬ মি.লি. মার্কারী ।

চিত্র ১০: ব্লাড প্রেশার মাপার পদ্ধতি



চিত্র ১০: ব্লাড প্রেশারের বিভিন্ন মাত্রার একটি গ্রাফ চিত্র

পালস....

পালস : হৃদপিন্ডের নিলয় সংকোচনের ফলে রক্তচাপের দরুন ধমনীর গাত্র প্রসারিত হয়ে ঢেউএর মতো শরীরে প্রত্যন্ত অংশে ছড়িয়ে পড়াকে পাল্‌স বলে।

পালস অনুভব করা হয় ধমনী গাত্রে।

উদ্দেশ্য ঃ পাল্‌স দেখে হৃদস্পন্দন এর গতি নির্ণয় করা যায়। আমরা সাধানত কবজির কাছে রেডিয়াল ধমনীতে পাল্‌স অনুভব করি। পালস অনুভবের সময় হাতের ৩ আঙুল ব্যবহার করা হয়।

তর্জনীর মাধ্যমে প্রেসার এডজাষ্ট করা হয়। মধ্যম আঙ্গুল দিয়ে পাল্‌স এর ঢেউ অর্থাৎ ধমনীগাত্র প্রসারন অনুভব করা হয়।

অঙ্গুরীয় আঙ্গুল দিয়ে কোলেটারেল (আলনার ধমনী থেকে আগত রক্ত) রক্ত সঞ্চালন বন্ধ করা হয়।

পালস এ কি দেখা হয় ঃ

(১) প্রতি মিনিটে হৃদস্পন্দনের গতি (পালস রেট)-যেমন ৭/মিনিট।

(২) রিদম-সমান সময় অন্তর ধমনী প্রসারিত হয়।

(৩) ভলিউম-রেডিয়াল ধমনী কতটুকু প্রসারিত হয় ।

(৪) ধমনীর অবস্থা।

(৫) ডি-লেঃ রেডিয়াল ধমনী ও ফিমোরাল ধমনীর পালস এর মধ্যে অসাম্যতা আছে কিনা ।

টেকিকার্ডিয়া কি?

হৃদস্পন্দন অর্থাৎ পাল্‌স প্রতিমিনিটে ১০০ এর বেশী হওয়াকে টেকিকার্ডিয়া বলে।

(১) ব্যায়াম করলে বা দৌড়ালে।

(২) ইমোশন।

(৩) ছোট বাচ্চাদের।

(৪) জ্বর হলে।

(৫) হাইপারথাইরয়েডিজম ইত্যাদি।

ব্রাডিকার্ডিয়া কি?

হৃদস্পন্দন অর্থাৎ পাল্‌স প্রতি মিনিটে ৬০এর কম হওয়াকে ব্রাডিকার্ডিয়া বলে। কারণঃ-

(১) দৌড়বিদদের ব্রাডিকার্ডিয়া হয়।

(২) হার্টব্লক।

(৩) অবষ্ট্রাকটিভ জন্ডিস।

(৪) মস্তিষ্কের চাপ বেড়ে গেলে।

ইউনিট ২: স্নায়ুতন্ত্র (Nervous system)

পাঠ ২.১: স্নায়ুতন্ত্র (Nervous system)

এই পাঠ শেষে শিক্ষার্থীরা

১. স্নায়ুতন্ত্র (Nervous system) বিষয়ে সম্যক ধারণা লাভ করতে পারবে;
২. স্নায়ুতন্ত্রের বিভিন্ন অংশের গঠন ও তার কাজ কি তা বলতে পারবে;
৩. স্নায়ুতন্ত্র সংশ্লিষ্ট বিভিন্ন রোগ সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করতে পারবে।
৪. স্বাস্থ্য সুরক্ষায় ও সচেতনতা বৃদ্ধিতে শিক্ষার্থীর করণীয় কী তা বলতে পারবেন।

যে তন্ত্রের সাহায্যে দেহ উদ্দীপনায় সাড়া দিয়ে প্রাকৃতিক পরিবেশের সাথে সম্পর্ক রক্ষা করে এবং দেহের বিভিন্ন অঙ্গের পারস্পরিক সংযোগ সাধন করে শরীরের বিভিন্ন কাজ নিয়ন্ত্রণ করে তাকে স্নায়ুতন্ত্র বলে। স্নায়ুতন্ত্রের প্রধান অংশগুলো হলোঃ

ক) মস্তিষ্ক (Brain)

খ) মেরুরজ্জু (Spinal cord)

গ) বহিঃস্নায়ুতন্ত্র (এখানে স্নায়ুকোষসমূহ শরীরে জালের মতো ছড়িয়ে থাকে)।

স্নায়ুতন্ত্রের একক হল নিউরন। অসংখ্য নিউরনের সমন্বয়ে আমাদের স্নায়ুতন্ত্র গঠিত। একটি নিউরন দুই ভাগে বিভক্ত, যথা- ১. মূল অংশ বা ডেন্ড্রাইড এবং ২. এক্সন । এছাড়াও অসংখ্য সংবেতনশীল রিসেপটরের একে অপরের সাথে সংযুক্ত থেকে মানবদেহের সকল কার্যক্রম নিয়ন্ত্রন করে থাকে।



চিত্র ১১: স্নায়ুতন্ত্রের একক ও স্নায়ুতন্ত্রের একক বিস্তৃতি

প্রয়োজনীয়তা :

ক) মানুষের বুদ্ধিমত্তা, বিবেচনা, পরিকল্পনা বা ব্যবহার কার্যক্রম পরিচালনা।

খ) স্মৃতি সংরক্ষণ

গ) যোগাযোগ ও সমন্বয় সাধন

ঘ) দেহের অন্যান্য অঙ্গ-প্রতঙ্গের কার্যক্রম নিয়ন্ত্রণ

ঙ) ভারসাম্য রক্ষ

ইউনিট ৩: পাঠ ৩.১: **পরিপাকতন্ত্র (Digestive system)**

এই পাঠ শেষে শিক্ষার্থীরা

১. **পরিপাকতন্ত্র কি তা সম্পর্কে** সম্যক ধারণা লাভ ও তা ব্যাখ্যা করতে পারবে;

২. **পরিপাকতন্ত্রের** বিভিন্ন অংশের গঠন ও তার কাজ কি তা বলতে পারবে;

৩. **পরিপাকতন্ত্র সংশ্লিষ্ট বিভিন্ন রোগ সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করতে পারবে।**

পরিপাকতন্ত্র (Digestive system)

যে তন্ত্রের মাধমে জটিল খাদ্যদ্রব্য ভেঙ্গে দেহের গ্রহণোপযোগী হয়ে শোষিত হয়, তাকে পরিপাকতন্ত্র বলে। পরিপাকতন্ত্র নিম্নলিখিত অঙ্গসমূহের সমন্বয়ে গঠিতঃ

ক) মুখ গহ্বর (Mouth)
খ) জিহ্বা (Tongue)
গ) গলনালী (Esophagus)
ঘ) পাকস্থলী (Stomach)
ঙ) ক্ষুদ্রান্ত বৃহদান্ত্র (Small instestine)
চ) বৃহদান্ত (Large instestine)
ছ) কোলন বা মলাশয় (Rectum)
জ) মলদ্বার (Anus)
ঝ) যকৃত (Liver)
ঞ) অগ্নাশয় (Pancreas), ও
ট) পিত্তথলী (Gall bladder)

The Components of the Digestive System

চিত্র ১২: মানবদেহের পরিপাকতন্ত্র

চিত্র ১৩: মানবদেহের পরিপাকতন্ত্র ও বিভিন্ন অঙ্গের বিবরন

প্রয়োজনীয়তা :

ক) খাদ্যদ্রব্য গ্রহণ ও হজম করা।

খ) বিভিন্ন ধরণের পরিপাক রস নিঃসরণ করা।

গ) হজমকৃত খাদ্য শোষণ করা।

ঘ) পানি, ভিটামিন ও খনিজপদার্থসমূহ শোষণ করা।

ঙ) শরীরের পানি এবং এসিড (Acid-base) এর ভারসাম্য রক্ষা করা

চ) রক্তে গ্লুকোজের পরিমাণ নিয়ন্ত্রণ করা।

ইউনিট ৪: পাঠ ৪.১: **শ্বসনতন্ত্র (Respiratory system)**

এই পাঠ শেষে শিক্ষার্থীরা

১. **শ্বসনতন্ত্র (Respiratory system) কি তা সম্পর্কে** সম্যক ধারণা লাভ ও তা ব্যাখ্যা করতে পারবে;

২. **শ্বসনতন্ত্রের** বিভিন্ন অংশের গঠন ও তার কাজ কি তা বলতে পারবে;

৩. **শ্বসনতন্ত্র সংশ্লিষ্ট বিভিন্ন রোগ সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করতে পারবে।**

শ্বসনতন্ত্র (Respiratory system)

যে তন্ত্রের মাধ্যমে শ্বাস-প্রশ্বাসের সাহায্যে শরীর বায়ু থেকে অক্সিজেন গ্রহণ করে এবং কার্বন-ডাই-অক্সাইড বায়ুতে নিঃসৃত করে তাকে শ্বসনতন্ত্র বলা হয়। শ্বসনতন্ত্র নিম্নলিখিত অঙ্গসমূহ নিয়ে গঠিত ঃ

ক) নাকও নাসারন্ধ্র (Nose & Nostril)
খ) শ্বাসনালী (Respiratory tract)
গ) ট্রাকিয়া (Trachea)
ঘ) ফুসফুস (Lungs)
ঙ) ব্রঙ্কাস (Bronchus)
চ) এ্যালভিওলাই (Alveolie)
ছ) ডায়াফ্রাম (Diaphram



চিত্র ১৪: মানবদেহের শ্বসনতন্ত্র

শ্বসনতন্ত্রের বিভিন্ন অঙ্গের মাধ্যমে আমরা অক্সিজেন যুক্ত বায়ু গ্রহন করি এবং কার্বন-ডাই-অক্সাইড বায়ুতে নিঃসরন কওে থাকি, এই প্রক্রিয়াকে শ্বাস-প্রশ্বাস বা রেসপিরেশন বলা হয়। আমাদের বুকের হাড়ের ভিতর দুটি বড় বড় ফুসফুস আছে, মূলত এই দুটি ফুসফুসই শ্বাস-প্রশ্বাসের সাহায্যে শরীর বায়ু থেকে অক্সিজেন গ্রহণ করে এবং কার্বন-ডাই-অক্সাইড বায়ুতে নিঃসৃত করে থাকে।

প্রয়োজনীয়তা :

ক) শ্বাস-প্রশ্বাসের সহায়তা করা।

খ) শ্বসনের ফলে দেহে অক্সিজেন সরবরাহ করা হয় এবং কার্বনডাই অক্সাইড শরীর থেকে বের করে দেয়া হয়।

গ) শরীরের পানি, তাপমাত্রা ও অম্ল-ক্ষার এর ভারসাম্য রক্ষা করা।

ঘ) শরীরের রক্ত সঞ্চলনে সাহায্য করা।

ইউনিট ৫: পাঠ ৫.১: রেচনতন্ত্র (Excretory system)

এই পাঠ শেষে শিক্ষার্থীরা

১. **রেচনতন্ত্র (Excretory system) কি তা সম্পর্কে** সম্যক ধারণা লাভ ও তা ব্যাখ্যা করতে পারবে;

২. **রেচনতন্ত্রের** বিভিন্ন অংশের গঠন ও তার কাজ কি তা বলতে পারবে;

৩. **রেচনতন্ত্র সংশ্লিষ্ট বিভিন্ন রোগ সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করতে পারবে।**

রেচনতন্ত্র (Excretory system)

যে প্রক্রিয়ায় বিপাকের ফলে তৈরি ক্ষতিকর বর্জ্য পদার্থ দেহ থেকে বের হয়ে যায় তাকে রেচন বলা হয়। শরীরের যে সমস্ত অঙ্গ এই রেচন প্রক্রিয়া কাজ করে তাদেরকে একত্রে রেচনতন্ত্র বলা হয় । রেচনতন্ত্র মূলত নিম্নের অঙ্গসমূহ নিয়ে গঠিত-

ক) বৃক্ক (Kidney)

খ) মূত্রথলি (Urinary bladder)

গ) মূত্রনালী (Urethra)

ঘ) ত্বক (Skin)



চিত্র ১৫: মানবদেহের রেচনতন্ত্র ও কিডনি'র ব্যবচ্ছেদ

প্রয়োজনীয়তা :

ক) বর্জ্য পদার্থ নিঃসরণ করা

খ) দেহের এসিড-বেইস ও মিনারেল এর ভারসাম্য রক্ষা করা

গ) রক্তচাপ নিয়ন্ত্রণ করা

ঘ) কোষের কার্যক্রমের জন্য সঠিক পরিবেশ রক্ষা করা

ঙ) রক্তের কোষ তৈরিতে সহায়তা করা

ইউনিট ৬: পাঠ ৬.১: **প্রজননতন্ত্র (Reproductive system)**

এই পাঠ শেষে শিক্ষার্থীরা

1. **প্রজননতন্ত্র (Reproductive system) কি তা সম্পর্কে** সম্যক ধারণা লাভ ও তা ব্যাখ্যা করতে পারবে;

২. **প্রজননতন্ত্রের** বিভিন্ন অংশের গঠন ও তার কাজ কি তা বলতে পারবে;

৩. **প্রজননতন্ত্র সংশ্লিষ্ট বিভিন্ন রোগ সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করতে পারবে।**

প্রজননতন্ত্র (Reproductive system)

এ সকল অঙ্গ মানবদেহের প্রজননে সহায়তা করে তাদেরকে একত্রে প্রজননতন্ত্র বলা হয়। পুরুষ ও স্ত্রী প্রজননতন্ত্র নিম্নলিখিত অঙ্গসমূহের সমন্বয়ে গঠিত-

ক) পুরুষ প্রজননতন্ত্রঃ

I. টেসটিস বা শুক্রাশয় (Testis)
II. সেমিনাল ভেসিকল (Sesminel vesicle)
III. ক্ষেপণ নালী (Ejaculatory duct)
IV. ভাস ডেফারেন্স (Vas deference)
V. প্রস্টেট (Prostate)
VI. যৌনাঙ্গ (External genital)



চিত্র ১৬: মানবদেহের পুরুষ ও স্ত্রী প্রজননতন্ত্র

খ) স্ত্রী প্রজননতন্ত্রঃ

I. ডিম্বাশয় (Ovary)
II. ফেলোপিয়ান নালী (Fallopian tube)
III. গার্ভিক্স (Cervex)
IV. এন্ডোমেট্রিয়াম (Endrometrium)
V. জরায়ু (Uterus)
VI. যৌনাঙ্গ (External genital)

প্রয়োজনীয়তা ঃ

ক) প্রজনন কার্যক্রম ও প্রজনন ক্ষমতা পরিচালনা
খ) বংশগতি রক্ষা করা
গ) প্রজনন কোষ তৈরি করা
ঘ) পুরুষ ও মহিলাদের সেক্স হরমোন তৈরি করা
ঙ) পুরুষ ও মহিলাদের যৌন বৈশিষ্ট্যসমূহের উন্নয়ন (Secondam sex characteristics)

ইউনিট ৭: পাঠ ৭.১: অন্তঃক্ষরা গ্রন্থিতন্ত্র (Endocrine system)

এই পাঠ শেষে শিক্ষার্থীরা

১. অন্তঃক্ষরা গ্রন্থিতন্ত্র (Endocrine system) কি তা সম্পর্কে সম্যক ধারণা লাভ ও তা ব্যাখ্যা করতে পারবে;
২. অন্তঃক্ষরা গ্রন্থিতন্ত্রের বিভিন্ন অংশের গঠন ও তার কাজ কি তা বলতে পারবে;
৩. অন্তঃক্ষরা গ্রন্থিতন্ত্র সংশ্লিষ্ট বিভিন্ন রোগ সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করতে পারবে।

অন্তঃক্ষরা গ্রন্থিতন্ত্র (Endocrine system)

যে সকল গ্রন্থি হতে হরমোন নিঃসৃত হয়, তাদেরকে অন্তঃরক্ষা গ্রন্থি বলা হয়। বিভিন্ন ধরণের অন্তঃরক্ষা গ্রন্থি মিলে অন্তঃক্ষরা গ্রন্থিতন্ত্র গঠিত হয়। হরমোন হলো মানবদেহের বিশেষ ধরণের রাসায়নিক পদার্থ যা অন্তঃক্ষরা গ্রন্থিকোষ হতে নিঃসৃত হয়ে রক্তে প্রবেশ করে এবং জৈবিক ক্রিয়াকলাপ নিয়ন্ত্রণ করে। অন্তঃক্ষরা গ্রন্থিসমূহ নিম্নরূপ -

ক) পিনিয়াল গ্রন্থি (Pineal gland)
খ) পিটুইটারী গ্রন্থি (Pituary gland)
গ) থায়রয়েড গ্রন্থি (Thyroid gland)
ঘ) প্যারাথায়রয়েড গ্রন্থি (Parathyroid gland)
ঙ) এড্রিনাল গ্রন্থি (Adrenal gland)
চ) অগ্ন্যাশয় (Pancreas)
ছ) ডিম্বাশয় (Ovary)
জ) শুক্রাশয় (Testes)



চিত্র ১৭: মানবদেহের পুরুষ ও স্ত্রী অন্তঃরক্ষা গ্রন্থি

প্রয়োজনীয়তা :

ক) দেহের বৃদ্ধি ও গঠনে সহায়তা করা।

খ) যোগাযোগ ও সমন্বয় সাধন করা।

গ) রক্তে গ্লুকোজের পরিমাণ নিয়ন্ত্রণ করা।

ঘ) কোষের কার্যকারিতা নিয়ন্ত্রণ করা।

ঙ) ভারসাম্য রক্ষা করা।

চ) বিপাক প্রক্রিয়া পরিচালনা।

ইউনিট ৮: পাঠ ৮.১: পেশী ও কংকালতন্ত্র (Musculo-skeletal system)

এই পাঠ শেষে শিক্ষার্থীরা

১. **পেশী ও কংকালতন্ত্র (Musculo-skeletal system) কি তা সম্পর্কে** সম্যক ধারণা লাভ ও তা ব্যাখ্যা করতে পারবে;

২. **পেশী ও কংকালতন্ত্রের** বিভিন্ন অংশের গঠন ও তার কাজ কি তা বলতে পারবে;

৩. **পেশী ও কংকালতন্ত্র সংশ্লিষ্ট বিভিন্ন রোগ সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করতে পারবে।**

পেশী ও কংকালতন্ত্র (Musculo-skeletal system)

বিভিন্ন ধরনের পেশীকলার সমন্বয়ে যে তন্ত্র গঠিত হয় তাকে পেশীতন্ত্র বলে। পেশীতন্ত্র নিম্নলিখিত পেশীকলার সমন্বয়ে গঠিত

ক) ঐচ্ছিক পেশী (Skeletal muscle)

খ) অনৈচ্ছিক পেশী (Smoth muscle)

গ) হৃদপেশী (Cardiac muscle)

যে তন্ত্র দেহের কাঠামো, গঠন, আকৃতি প্রদান, বিভিন্ন অঙ্গকে বাহ্যিক আঘাত থেকে রক্ষা এবং দেহের চলাচলে সহায়তা করে তাকে কংকালতন্ত্র বলে। মানবদেহের কংকালতন্ত্র বিভিন্ন অস্থি ও তরুণাস্থি নিয়ে গঠিত। জন্মের সময় নবজাতকের শরীরে ৩০০রও বেশি হাড় থাকে যা পূর্ণাঙ্গ মানব দেহে সর্বমোট ২০৬ টি হাড়ে পরিণত হয়।

প্রয়োজনীয়তা :

ক) দেহের কাঠামো ধরে রাখা।
খ) চলাচলে সহায়তা করা।
গ) অঙ্গ-প্রতঙ্গের নড়াচড়া ও সঞ্চালনে সহায়তা করা
ঘ) দেহের অবকাঠামো ও গঠন বৃদ্ধি করা।
ঙ) শরীরের ভারবহন ও সংরক্ষণ করা।

ইউনিট ৯: মানবদেহের কোষ ও কলা (Cell and Tissue)

পাঠ ৯.১: মানবদেহের কোষ (Cell)

এই পাঠ শেষে শিক্ষার্থীরা

১. মানবদেহের কোষ (Cell) কি তা সম্পর্কে সম্যক ধারণা লাভ ও তা ব্যাখ্যা করতে পারবে;

২. মানবদেহের কোষ বিভিন্ন অংশের গঠন ও তার কাজ কি তা বলতে পারবে;

৩. মানবদেহের কোষ সংশ্লিষ্ট বিভিন্ন রোগ সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করতে পারবে।

মানবদেহের কোষ (Cell)

দেহ গঠনের এবং কার্যকারিতার একককে কোষ বলে। কোষ নিম্ন লিখিত অংশ নিয়ে গঠিত-

1. কোষ আবরণী (Cell membrane)
2. সাইটোপ্লাজম (Cytoplasm) এবং
3. নিউক্লিয়াস বা প্রাণকেন্দ্র (Nucleus)

১। কোষ আবরণী (Cell membrane)

এটি কোষের বহিঃস্থ আবরণ। এর মধ্যে ছোট ছোট ছিদ্র থাকে যার মধ্য দিয়ে খাদ্যদ্রব্য ও অন্যান্য বস্তু যাতায়াত করতে পারে। এটি কোষকে রক্ষা করে ও কোষের আকৃতি প্রদান করে।

২। সাইটোপ্লাজম (Cytoplasm)

এটি কোষের মাঝের এক ধরনের জটিল ও ঘন তরল পদার্থ। এটি কোষ মাতৃকা (matrix) নামে পরিচিত । সাইটোপ্লাজমে কোষের বিভিন্ন অঙ্গাণুসমূহ (Organelles) বিদ্যমান । অঙ্গাণুসমূহের মধ্যে রয়েছে-

ক. মাইটোকন্ড্রিয়া (Mitochondria)

খ. গলজি বডি (Golgi body)

গ. সেন্ট্রোজোম (Centrosome)

ঘ. লাইসোজোম (Lysosome)

ঙ. রাইবোজোম (Ribosome)

চ. এন্ডোপ্লাজমিক রেটিকুলাম (Endoplasmic reticulum) ইত্যাদি সাইটোপ্লাজমে কোষ বিভাজনসহ (Cell division) কোষের যাবতীয় জৈবিক কাজ সংঘটিত হয়।

৩। প্রাণকেন্দ্র (Nucleus)

এটি সাইটোপ্লাজমের মাঝে থাকে। প্রাণকেন্দ্রে মানবদেহের ক্রোমোজোম থাকে।

পাঠ ৯.২: কলা (Tissue)

এই পাঠ শেষে শিক্ষার্থীরা

১. **কলা (Tissue)** বিষয়ক সম্যক ধারণা লাভ ও তা ব্যাখ্যা করতে পারবে;

২. **কলা (Tissue)**শিক্ষার প্রয়োজনিয়তা ব্যাখ্যা করতে পারবে;

৩. **কলার** বিভিন্ন কার্যক্রম ও তাদের ব্যবহার সম্পর্কে ধারণা লাভ ও ব্যাখ্যা করতে পারবেন; এবং

৪. স্বাস্থ্য সুরক্ষায় ও সচেতনতা বৃদ্ধিতে শিক্ষার্থীর করণীয় কী তা বলতে পারবেন।

একই ধরণের গঠন এবং একই ধরণের কাজ সম্পাদনকারী অনেকগুলো কোষকে একত্রে কলা বলা হয়। কলা চার প্রকার ঃ

১. আবরণী কলা (Epithelial tissuue) : এটি দেহের বাইরের ও ভিতরের আবরণ তৈরি করে।

২. সংযোজক কলা (Cennective tissue): এটি দেহের বিভিন্ন অঙ্গের সাথে অথবা একই অঙ্গের বিভিন্ন অংশের সাথে সংযোগ স্থাপন করে।

৩. পেশী কলা (Muscle tissue): পেশীকলা সংকোচন ও প্রসারণের মাধ্যমে আমাদের অঙ্গপ্রত্যঙ্গের সঞ্চালন, নাড়াচড়া ও চলাফেরাতে সাহায্য করে।

৪. স্নায়ুকলা (Nerve tissue) : স্নায়ুকলা স্নায়ুকোষের সমন্বয়ে গঠিত হয়। মস্তিষ্ক, স্নায়ুরজ্জু ও দেহের অন্যান্য স্নায়ুকোষ নিয়ে স্নায়ুতন্ত্র গঠিত।

ইউনিট ৩ ঃ কমিউনিটি মেডিসিন ও সংক্রমিত রোগ

সংক্রামক রোগ কি ও কিভাবে ছড়ায়
এবার আসুন, বোঝার চেষ্টা করি - পাবলিক হেল্‌থ কি?

একক বা ব্যক্তি-কেন্দ্রিক স্বাস্থ্য-সেবা যেমন 'চিকিৎসা' নামে পরিচিতি, তেমনি কোন জনগোষ্ঠী বা বৃহত্তর এলাকার লোকের সামগ্রিক স্বাস্থ্য উন্নয়নে গৃহিত কার্যক্রমকে পাবলিক হেল্‌থ বা জনস্বাস্থ্য বলা হয়।

রোগের সাধারণ শ্রেনী বিভাগ দু'টি: সংক্রামক এবং অ-সংক্রামক। অসংক্রামক রোগ যেমন পেপটিক আলসার, ক্যান্সার কিংবা অ্যাজমা- সাধারণত এক বা দুজন ব্যক্তিকে আক্রান্ড় করে। এর চিকিৎসাও একক ভাবেই করা হয়। কিন্তু এমন অনেক রোগ আছে যা একসাথে বহুজনকে আক্রমন করে। সাধারণত এ সকল রোগ জীবানু বা বাহক দ্বারা ছড়ায়। এগুলোকে সংক্রামক রোগ বলে।

অসংক্রামক ব্যাধিও সংক্রামক ব্যাধিতে রূপান্ড়রিত হতে পারে, যেমন অ্যাজমা। যদি পরিবেশের মধ্যেই শ্বাস-কষ্ট বৃদ্ধির যথেষ্ট উপাদান বৃদ্ধি পায়, যেমন বায়ূ দূষন, তাহলে অ্যাজমা জনস্বাস্থ্য সমস্যায় রূপ নিতে পারে।
একটি রোগ যখন জনগোষ্ঠীর ১০০ জন লোকের মধ্যে গড়ে ১ জনকে আক্রান্ড় করে তাহলে রোগটিকে জনস্বাস্থ্য-সমস্যা বা 'পাবলিক হেল্‌থ-প্রোবে-ম' ধরা হয়। পাবলিক হেল্‌থ প্রোবে-ম একটি জনগুর"ত্বপূর্ন সমস্যা। উদাহরণ স্বরূপ এ. আর. আই, ডাইরিয়া বা সিজেল্‌স-এর নাম বলা যায়- যেগুলো দেশের চিহ্নিত জনস্বাস্থ্য সমস্যা।

জনস্বাস্থ্য উন্নয়নে বিহেভিয়ার বা ব্যক্তির আচরন অতীব গুর"ত্বপূর্ন। আচরন নিয়ন্ত্রিত হয়ে সচেতনতার দ্বারা। পরিবেশের ভারসাম্য রক্ষায়, সংক্রামক ব্যাধি প্রতিরোধে, বিভিন্ন রোগ নির্মূলে এবং রোগাক্রান্ড় ব্যক্তির পুনর্বাসনে স্বাস্থ্য সচেতনতা বিরাট ভূমিকা রাখতে সক্ষম। ডায়রিয়া, ভিটামিন 'এ'র অভাবে সৃষ্ট রাত-কানা রোগ কিংবা মরনব্যাধি 'এইডস' প্রতিরোধে নলেজ-অ্যাটিচুড-প্র্যাকটিস এবং পারস্পরিক সহযোগিতা অত্যন্ড় কার্যকরী বলে প্রমানিত হয়েছে।

চিকনগানিয়া জ্বর

১৯৫২-৫৩ সালে পূর্ব আফ্রিকার দেশ তাঞ্জানিয়ায় প্রথমবারের মতো এ জ্বর সনাক্ত হয়। গত পঁয়ষট্টি বছরে আফ্রিকা থাকে এই জ্বর বিভিন্নভাবে এশিয়া, আমেরিকা, আফ্রিকা এবং আমেরিকার প্রায় ৬০ টি দেশে ছড়িয়ে পড়েছে। ২০০৫-২০০৬ সালে এই জ্বর ভারতীয় উপমহাসাগরের বিভিন্ন দ্বীপে মহামারি আকারে ছড়িয়ে পরে যাতে প্রায় তিন লাখ মানুষ আক্রান্ত হয় এবং ২৩৭ জন মানুষ মারা যায়। এ দ্বীপগুলোর মধ্যে ফ্রান্সের লা রিইউনিয়ন দ্বীপও ছিলো। একি সময়ে এটা ভারতের মূল ভূখণ্ডেও ছড়িয়ে পড়ে এবং প্রায় ১৫ লাখ মানুষ আক্রান্ত হয়। ২০১৪ সালে ফ্রান্সের মারতিনিক দ্বীপে প্রায় এক লাখ চুয়াল্লিশ হাজার মানুষ (মোট জনসংখ্যার ৩৭ ভাগ) এই জ্বরে আক্রান্ত হয় এবং এর ফলে ৪৭ জন মারা যায়। বাংলাদেশে এ জ্বরের প্রথম সংক্রমণ ধরা পড়ে ২০০৮ সালে|

এডিস মশা (ছবিঃ ইন্টারনেট)

চিকনগানিয়া জ্বর ভাইরাস জনিত। মাকন্দেই (তাঞ্জানিয়ার একটা ভাষা) ভাষায় 'চিকনগানিয়া' অর্থ 'যা বাঁকা করে দেয়'। কঙ্গোতে এ জ্বরকে বলা হয় 'বুকা-বুকা' যার অর্থ 'ভেঙ্গে যাওয়া'। এরকম নামের কারণ হল এই জ্বর হলে শরীরের গিরায় গিরায় এতো ব্যথা হয় যে রোগীর নড়তে-চড়তে ভীষণ কষ্ট হয়। বাংলায় এটাকে অনেকে ল্যাংড়া জ্বর বলে ডেকে থাকেন।

ডেঙ্গির মত চিকনগানিয়া ভাইরাসের বাহক হল এডিস মশা। এডিসের দুটি প্রজাতি এর বাহকঃ

1. এডিস এজিপ্টি (Aedes aegypti) এবং
2. এডিস অ্যালবোপিক্টাস (Aedes albopictus) । সংক্রমিত মশার

কামড়ের মাধ্যমে এ রোগ ছড়ায়। এর জীবনচক্র এরকমঃ মশা-মানুষ-মশা। মানবদেহে প্রবেশের পর চিকনগনিয়া ভাইরাস মশার কামড়ের স্থানে বংশবিস্তার করে এবং পরে ধীরে ধীরে রক্তের মাধ্যমে লিভার এবং অস্থিসন্ধিতে ছড়িয়ে পড়ে। সংক্রমণের পর লক্ষণ প্রকাশ পেতে সময় লাগে ২ থেকে ৪ দিন এবং এর পরে হঠাত করে কাঁপুনিসহ প্রচণ্ড জ্বর চলে আসে। জ্বরের সঙ্গে সঙ্গে শুরু হয় বাতের ব্যথার মতো জয়েন্টে জয়েন্টে ভয়ঙ্কর ব্যাথা। মাথা ব্যাথা ও আলোক সংবেদনশীলতাও থাকতে পারে। চামড়ার নিচে রক্তক্ষরণের ফলে লাল রঙের র‍্যাশও দেখা দিতে পারে। এজন্য অনেকে এটাকে ডেঙ্গি জ্বর মনে করে। জ্বর সারতে সময় লাগে সাধারণত এক থেকে দু সপ্তাহ, কিন্তু বেশির ভাগ ক্ষেত্রে ব্যথা সারতে সময় বেশী লাগে। এটা মাস থেকে বছরেও গড়াতে পারে। ফ্রান্সের এক গবেষণায় দেখা গেছে প্রায় ৫০ভাগ রোগীর ক্ষেত্রে মাংশপেশী এবং

অস্থিসন্ধিতে ব্যাথা ৬ মাস পর্যন্ত স্থায়ী হয়েছিলো। অনেক সময় কয়েক বছর এ ব্যাথা থেকে যায়। সংক্রমণের চুড়ান্ত পর্যায়ে প্রতি মিলিলিটার রক্তে ভারাইসের সংখ্যা প্রায় দশ কোটির মত হয়ে থাকে। তবে জ্বর সেরে গেলে রক্তে আর ভাইরাস থাকে না। চিকনগনিয়া জ্বর ডেঙ্গির মত ততোটা প্রাণঘাতী নয়। প্রতি এক হাজের এ জ্বরে ১ জন মারা যায়। বেশী ঝুঁকিতে থাকে শিশু, বৃদ্ধ, ও ডায়াবেটিক রোগীরা। এ জ্বরে একবার আক্রান্ত হলে আর দ্বিতীয়বার আক্রান্ত হওয়ার সম্ভাবনা নাই।

চিকনগানিয়া জ্বরের নির্দিষ্ট কোন চিকিৎসা নেই। কোন প্রতিষেধক বা টিকা এখনো বাজারে আসেনি। তবে বিজ্ঞানীরা ওষুধ এবং টিকা আবিষ্কারের জন্য কাজ করছেন। মূলত আফ্রিকা এবং এশিয়ার অনুন্নত দেশগুলোতে এর প্রকোপ বেশী হওয়ায় ২০০০৫-২০০৬ সালের আগে এটি নিয়ে তেমন গবেষণা হয়নি। ফ্রান্সের দ্বীপগুলোতে এ জ্বরের আক্রমণ হওয়ার পর মূলত এটা পশ্চিমা বিজ্ঞানীদের আগ্রহের কারণ হয় এবং এটা যেহেতু এখন আমেরিকা, ইতালিসহ অনেক উন্নত দেশে ছড়িয়ে পড়েছে, তাই উন্নতমানের গবেষণা চলছে। সম্প্রতি দুটি টিকা গবেষণার শেষ পর্যায়ে আছে। খুব শীঘ্রই বাজারে আসার সম্ভাবনা আছে।

এ জ্বরের প্রধান চিকিৎসা হল বিশ্রাম। জ্বরের জন্য শুধুমাত্র প্যারাসিটামল খাওয়া যাবে। পূর্ণ বয়স্কদের দিনে ৫০০ মিলিগ্রামের আটটা ট্যাবলেট খাওয়া যেতে পারে। কিন্তু একবারে দুটার বেশী খাওয়া যাবেনা এবং এক ডোজ থেকে আরেক ডোজের ব্যবধান হতে হবে কমপক্ষে চার ঘন্টা। ডেঙ্গির সাথে কিছু লক্ষণের মিল থাকায়, এ জ্বর ডেঙ্গি না এটা নিশ্চিত না হওয়া পর্যন্ত এস পিরিন বা অন্য কোন গ্রুপের ব্যাথার ওষুধ খাওয়া বিপজ্জনক হতে পারে।

চিকনগানিয়া যেহেতু মশাবাহী রোগ, তাই এর প্রতিরোধের উপয়ায় হল মশার কামড় থেকে বাঁচা। এডিস মশা দিনে কামড়ায় (বিশেষ করে সকালে এবং পড়ন্ত বিকেলে) তাই দিনের বেলা মশা কামড় থেকে নিজেকে রক্ষা করতে হবে। হাত পা ঢাকা থাকে এমন জামা পরিধান করতে হবে। মশার বংশবিস্তার রোধে ব্যাবস্থা নিতে হবে। চিকনগানিয়ায় কেউ আক্রান্ত হলে তাকে মশার কামড় থেকে বাঁচা বাঞ্ছনীয়। কারণ, রোগের একিউট স্টেজে (৩-১০ দিন) রোগীর রক্তে প্রচুর ভাইরাস থাকে, এবং এর ফলে যে মশা রোগিকে কামড়াবে তা অন্যকে কামড়ালে রোগ ছড়িয়ে পড়বে। যৌনমিলনের মাধ্যমে বা সন্তান প্রসবের মাধ্যমে বা মায়ের দুধ খাওয়ানোর মাধ্যমে এ ভাইরাস ছড়ানোর কোন তথ্য পাওয়া যায়নি। মায়েদের বুকের দুধ খাওয়ানোকে উৎসাহিত করা হয়েছে।

আসুন আমরা ভয় না পেয়ে সচেতন হই, মশার কামড় থেকে বাঁচি, এডিস মশার বংশবিস্তার রোধ করি। আল্লাহ্ আমাদের সহায় হোন।

ডেঙ্গু জ্বর

ডেঙ্গু জ্বর এক ধরনের ভাইরাসজনিত রোগ, যা এডিস জাতীয় মশা দ্বারা ছড়ায়। এই মশা আমাদের ঘরে ও আশপাশের পরিষ্কার পানিতে ডিম পাড়ে। সাধারণত এডিস মশা দিনের বেলায় কামড়ায়। বহু আগ থেকেই পৃথিবীর বিভিন্ন দেশে ডেঙ্গু জ্বর আছে, তবে ট্রপিক্যাল দেশগুলোতে এর আধিক্য রয়েছে। বর্তমানে যেসব দেশে ডেঙ্গু জ্বর বৃদ্ধি পেয়েছে তার মধ্যে বাংলাদেশ, ভারত, মিয়ানমার, ও থাইল্যান্ড অন্যতম। ধারণা করা হয় যে, প্রতি বছর ৫ থেকে ১০ কোটি মানুষ ডেঙ্গু জ্বরে এবং প্রায় ৫ লাখ মানুষ ডেঙ্গু হেমোরেজিক ফিভারে আক্রান্ড় হচ্ছে। বাংলাদেশে ব্যাপকভাবে ডেঙ্গু জ্বরের প্রাদুর্ভাব দেখা দেয় ২০০০ সালে মার্চ-আগষ্ট মাসে। এ সময় আমাদের অজ্ঞতা ও অসাবধানতার জন্য তা ব্যাপক ভীতির সঞ্চার করে এবং বেশ কিছু মূল্যবান জীবন প্রদীপ নিভে যায়। পলিও, ম্যালেরিয়া ও টাইফয়েড জ্বরের চেয়ে ডেঙ্গু জ্বর কম মারাত্মক। ডেঙ্গু জ্বরে আতঙ্কগ্রস্থ না হয়ে ডাক্তারের নির্দেশমতো সঠিক সময়ে সঠিক পদক্ষেপ বা ব্যবস্থা নিলে তাড়াতাড়ি সুস্থ হওয়া সম্ভব এবং মৃত্যুর সম্ভাবনা নেই বললেই চলে। প্রচুর পরিমাণে পানীয় খাওয়া প্রাথমিক গুর"ত্বপূর্ণ চিকিৎসা। মনে রাখতে হবে সব জ্বরই ডেঙ্গু জ্বর নয় এবং ডেঙ্গু জ্বরে কোনো অ্যান্টিবায়োটিক প্রয়োজন হয় না।

ডেঙ্গু ভাইরাস ঃ

এটি একটি RNA (Single strand) জাতীয় ভাইরাস। Flaviviridae family এবং Flavivirus genus - এর অন্ড়র্গত। এই ভাইরাসের ৪ ধরনের সেরোটাইপ রয়েছে (যেমন- DEN 1, 2, 3,4)। এক ধরনের সেরোটাইপ দ্বারা আক্রান্ড় হওয়ার পর যে অ্যান্টিবডি তৈরি হয় তা অন্য ধরনের সেরোটাইপ ডেঙ্গুর আক্রমণের বিরূদ্ধে কোনো প্রতিরোধ গড়ে তুলতে পারে না। ফলে ডেঙ্গু জ্বর কোনো এক ব্যক্তির একাধিক বার হতে পারে, এমনকি পরবর্তী সময়ে তা মারাত্মক রূপে দেখা দিতে পারে। DEN-2 সেরোটাইপ বেশি মারাত্মক।

ডেঙ্গু ভাইরাসের বাহক ঃ

এত দিন আমরা মশা থেকে সাবধান থাকতাম ম্যালেরিয়া জ্বর থেকে রক্ষার জন্য। বর্তমানে এর সাথে যোগ হলো ডেঙ্গু জ্বর। অর্থ্যাৎ ডেঙ্গু জ্বর মশার মাধ্যমে ছড়ায়। এডিসজাতীয় মশার (মূলত Aedes aegypti ও Aedes albopictus) কামড় থেকে ডেঙ্গু ভাইরাস একজন থেকে আরেকজন বিস্ড়ার লাভ করে। এই মশা পরিষ্কার জমানো পানিতে (বাথর"মে, ফুলের টবে, টিনের কৌটায়, গ্যারেজ-টায়ারে, গাছের কোঠরে জমানো পানিতে) ডিম পাড়ে। বর্ষাকাল মশার ডিম পাড়া ও বাচ্চা ফোটার উপযোগী সময়। ফলে ডেঙ্গু জ্বরের প্রাদুর্ভাব বর্ষাকালের শেষের দিকে (August-December) ব্যাপকভাবে দেখা যায়।

রোগতত্ত্ব (Pathogenesis) ঃ

এডিস মশার মাধ্যমে মানবদেহে ডেঙ্গু ভাইরাস প্রবেশ করার পর কোথায় ভাইরাসের বৃদ্ধি ঘটে তা সঠিকভাবে জানা না গেলেও ধারণা করা হয় যে, মনোনিউক্লিয়ার ফেগোসাইটিক (Mononuclear Phagocytic cell) কোষে বৃদ্ধিপ্রাপ্ত হয় এবং অস্থিমজ্জার মেগাকেরিওসাইট কোষকেও আক্রমণ করে। ভাইরাস মনোনিউক্লিয়ার ফেগোসাইট কোষে প্রবেশ করার পর কমপি-মেন্ট ও কাইনিনকে কার্যকর (activate) করে এবং সূক্ষ্ম রক্তনালীর পারমিয়াবিলিটি (Permeability) বাড়িয়ে দেয়, ফলে সহজে বেশি পরিমাণে রক্তের জলীয় অংশ প-াজমা রক্তনালী থেকে বেরিয়ে যায় এবং রক্তের ঘনত্ব বৃদ্ধি পায়। রক্তনালীর পারমিয়াবিলিটি বেড়ে গিয়ে রক্তের জলীয় অংশ কমে গিয়ে রক্তের ঘনত্ব বেড়ে যাওয়াই রোগের আশঙ্কাজনক পরিণতির মূল কারণ। এভাবে চলতে থাকলে এক সময় দেহের মস্ড়িষ্ক, কিডনিসহ বিভিন্ন অঙ্গে রক্ত চলাচল ও অক্সিজেন সরবরাহ কমে গিয়ে রোগী আস্ড়ে আস্ড়ে নিস্ড়েজ ও অজ্ঞান হয়ে যায় (শক সিন্ড্রোম)। ডেঙ্গু জ্বরে প্রাইমারি ইমিউন প্রতিক্রিয়া হয় আর ডেঙ্গু হেমোরেজিক ফিভারে সেকেন্ডারি ইমিউন প্রতিক্রিয়া হয়। যার ফলে দ্বিতীয়বার যখন কোনো ব্যক্তি ডেঙ্গু ভাইরাসে আক্রান্ড় হন, তখন সেকেন্ডারি ইমিউন প্রতিক্রিয়ার ফলে ... হওয়ার সম্ভাবনা বেশি থাকে। কেননা ডেঙ্গু

ডায়রিয়া ও প্রতিকার

ডায়রিয়া বাংলাদেশে শিশু মৃত্যুর অন্যতম কারণ। প্রতি বছর প্রায় ২ লাখ ৬০ হাজার শিশু ডায়রিয়া জনিত কারণে মৃত্যু বরণ করেন। এ মৃত্যুর শতকরা ৮০ ভাগই ঘটছে ২ বছরের নীচের শিশুদের ক্ষেত্রে। শুধুমাত্র বাংলাদেশেই নয়, ডায়রিয়া অন্যান্য উন্নয়নশীল দেশ সমূহেরও অন্যতম স্বাস্থ্য সমস্যা। বিশ্বস্বাস্থ্য সংস্থার গবেষণায় দেখা গেছে উন্নয়নশীল দেশসমূহে প্রতি বছর ডায়রিয়ায় আক্রান্ড় হয় ৩০০ কোটি শিশু। এদের মধ্যে ৫০ লাখ শিশু মৃত্যু বরণ করেছে ডায়রিয়ায়। মৃত্যুর প্রধান কারণ পানিস্বল্পতা, শরীর থেকে অত্যাধিক পরিমাণ পানি ও লবণ বের হয়ে যাওয়ার কারণে এ পানিস্বল্পতা দেখা দেয়। আমাদের দেশে ডায়রিয়ার আর একটি গুর"ত্ব প্রভাব হচ্ছে অপুষ্টি। অসংখ্য শিশু ডায়রিয়া জনিত কারণে অপুষ্টিতে ভোগে। অপুষ্টির কারণে শরীরের রোগ প্রতিরোধের ক্ষমতা কমে যায় এভং শিশু নিউমোনিয়া সহ বিভিন্ন রোগে আক্রান্ড় হয়। এছাড়া ডায়রিয়ার পুনঃ আক্রান্ড় হওয়ার সম্ভাবনাও বেড়ে যায়।

ডায়রিয়া কি?

এককথায় পাতলা অথবা পানির ন্যায় পায়খানা হওয়াকে ডায়রিয়া বলে এবং ২৪ ঘন্টায় কমপক্ষে ৩ বার পাতলা পায়খানা হতে হবে।

এক্ষেত্রে আমাদের মনে রাখতে হবে যে, ঘন ঘন পায়খানা হওয়ার চেয়েও পায়খানা কেমন হলো ডায়রিয়া নির্ধারণে সেটাই অধিক জর"রী। কারণ খাদ্যভাসের কারণেও পায়খানা বার বার হতে পারে। যেসকল বাচ্চারা শুধুমাত্র বুকের দুধ খায় তাদেরও বারবার পায়খানা হয়ে থাকে এবং পায়খানা পেষ্ঠের মতো নরমও হয়ে থাকে। অবশ্য এ ক্ষেত্রে শিশুর মা-ই সঠিক তথ্য দিতে পারবেন যে তার বাচ্চার পায়খানা হঠাৎ করে অধিক পরিমাণ পাতলা হয়ে গিয়েছে কিনা অথবা বেশীবার হচ্ছে কিনা। ডায়রিয়াতে পায়খানায় পানির পরিমাণ স্বাভাবিকের চেয়ে বেশী থাকে।

সাধারণভাবে পায়খানা কোন পাত্রে রাখলে সে পাত্রের আকৃতি ধারণ করবে তখন আমরা তাকে ডায়রিয়া জনিত পাতলা পায়খানা হিসেবে ধরে নিতে পারি।

ডায়রিয়া কাদের বেশী হয়ঃ

৬ মাস থেকে ২ বছরের শিশুদের মধ্যে ডায়রিয়া বেশী দেখা যায় বিশেষ করে ৬ থেকে ১১ মাসের বাচ্চাদের, যারা মায়ের দুধের পাশাপাশি অন্যান্য খাবার খেতে শুর" করে এবং হামাগুড়ি দিথে শিখে এতে করে তারা এটা সেটা মুখে দিতে শুর" করে এবং প্রায় হামাগুড়ি দেওয়া নোংরা হাত মুখে দেয়। তবে ৬ মাসের কম বয়সের যেসব শিশু গুর"র দুধ বা গুড়োদুধে অভ্যস্ড় তাদের মধ্যেও ডায়রিয়ার প্রকোপ বেশী। সাধারণভাবে ৫ বছরের কম বয়স্ক শিশুদের মধ্যে ডায়রিয়া রোগে আক্রান্ডের হায় অধিক।

কারণঃ

ডায়রিয়ার মূল কারণ জীবানু। বিভিন্ন প্রকার জীবানুর মাধ্যমে ডায়রিয়া হতে পারে। এরমধ্যে আমাদের দেশে ভাইরাসের প্রার্দূভাবই সবচাইতে বেশী। বিশেষ করে রোটা ভাইরাস। ভাইরাস ছাড়াও ব্যাকটেরিয়া যেমন ই.কলাই. ভিবরিও কলেরা ইত্যাদি অথবা ফাঙ্গাস দ্বারাও ডায়রিয়া হতে পারে।

এক্ষেতে একটি বিষয় মনে রাখতে হবে রোগজীবানু সমূহ সবসময়ই রোগসৃষ্টি করতে সক্ষম হয় না। কারণ জীবানুকে বাঁধা দেয়ার জন্যে রয়েছে রোগ প্রতিরোধ ক্ষমতা, যখন শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যায় তখনই রোগে আক্রান্ড় হওয়ায় সম্ভাবনা বেড়ে যায়। আমাদের দেশের মুষ্টিমেয় শিশু-ই অপুষ্ঠিই শিকার আর এ অপুষ্ঠি শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা কমিয়ে দেয়। একারণেই শিশুরা এতো অধিক হারে ডায়রিয়ায় আক্রান্ড় হওয়ায় মূলকারণ। আই.সি.ডি.আর.বি-এর একটি ক্ষেন্দ্র মতলবে পরিচালিত সেরে উঠে সমীক্ষায় দেখা গেছে যে অপুষ্ঠি দূর করলে ডায়রিয়ায় আক্রান্ড় কাল সংক্ষিপ্ত হয় এভং শিশু তাড়াতাড়ি সেরে উঠে এবং ডায়রিয়ায় পরবর্তী জটিলতা অনেক কমে যায়।

অপুষ্ঠি ছাড়া কতগুলো রোগ আছে যা শরীরের স্বাভাবিক প্রতিরোধ ক্ষমতা কমিয়ে দেয় যেমন-হাম, নিউমোনিয়া, ম্যালেরিয়া।

এ প্রসঙ্গে উলে-খ করা প্রয়োজন যে সকল শিশু জন্মের প্রথম ৫ মাস শুধুমাত্র বুকের দুধ খাওয়ানো হয় তাদের ডায়রিয়ায় আক্রান্ড় হওয়ার সম্ভাবনা যারা বুকের দুধ ছাড়া অন্যান্য খাবার গ্রহণ করে তাদের তুলনায় কয়েকগুন কমে যায়। এছাড়া বোতলের দুধ খাওয়ানো, বাসি খাবার খাওয়া, পানি বিশুদ্ধ না করা এবং ব্যক্তিগত পরিষ্কার পরিচ্ছন্নতার অভাব ও কাঁচা পাঁয়খানা বা যত্রতত্র মল ত্যাগ করা ডায়রিয়ার অন্যতম কারণ।

কিভাবে ডায়রিয়া ছড়ায়ঃ

ডায়রিয়া ছড়ানোর প্রধান মাধ্যম হল মল থেকে মুখ। পায়খানা থেকে জীবানু বিভিন্ন মাধ্যমে বাহিত হয়ে পানি অথবা খাদ্যের সাথে মুখ হয়ে খাদ্যনালীতে প্রবেশ করে। খাদ্যবস্তু, পানীয়, অপরিষ্কার হাত, গ-াস, পে-ট, চামচ ইত্যাদির মাধ্যম হিসাবে কাজ করে। অপরিচ্ছন্ন হাত এবং মাছির মাধ্যমে সহজেই জীবানু যুক্ত মল উপরোক্ত মাধ্যমগুলিতে বয়ে নিতে পারে।

ডায়রিয়াতে কি ঘটে?

শরীর থেকে পানি ও লবণ বা ইলেকট্রলাইট যেমন সোডিয়াম, পটাশিয়াম, বাইকার্বনেট ইত্যাদি বের হয়ে যায়। শরীরের এ সকল অত্যাবশ্যকীয় উপাদান পায়খানা অথবা বমির সাথে বের হয়ে গেল এবং শরীরের লবণ ও পানির চাহিদা যথাযতভাবে পূরণ না হলে শরীরে পানি স্বল্পতা দেখা দেয়।

বস্তুত এ লবণ এবং পানির অভাবে ডায়রিয়ায় আক্রান্ড় রোগীর শরীরে নানা উপসর্গ দেখা দেয় এবং এ সকল উপসর্গ দেখেই চিকিৎসকরা ডায়রিয়া রোগীর শারীরিক অবস্থার ন্ড়র নির্ধারণ করেন।

পানি স্বল্পতার বিভিন্ন স্বতঃ

ডায়রিয়া সম্পর্কে সঠিক ধারনা লাভের জন্য পানি স্বল্পতার উপসর্গ ও চিহ্নগুলো স্পষ্টভাবে জানা প্রয়োজন। মূলতঃ এই উপাসর্গ সমূহের ভিত্তিতেই পানিস্বল্পতাকে ৩টি ন্ড়রে ভাগ করা হয়েছে যার উপর ভিত্তি করেই নির্ধারিত হয়েছে ডায়রিয়ার চিকিৎসা পদ্ধতি।

প্রথমে সঠিকভাবে রোগের যাবতীয় তথ্য নিতে হবে রোগী নিজে অথবা শিশুদের ক্ষেত্রে মা-ই ভালো তথ্য নিতে পারবেন।
যে সকল প্রশ্নের উত্তর জানতে হবে-

পায়খানা কেমন? তরল কিনা। তরল হলে, কতটা তরল?
পরিমাণে কতটা যায়?
কতদিন ধরে শুর“ হয়েছে?
দিনে ক'বার হচ্ছে?
ডায়রিয়ার আগে অন্য কোন অসুস্থতা ছিলো কিনা?
জ্বর খিচুনী আছে কিনা?
পায়খানায় রক্ত যায় কিনা?
ডায়রিয়া কালীন সময়ে সে কি কি খাবার এবং চিকিৎসা পেয়েছে।
প্রস্রাব হচ্ছে কিনা?

এখানে একটি কথা গুর“ত্বপূর্ণ। অনেকেরই ভুল ধারণা আছে যে ডায়রিয়াতে মলের সাথে মিউকাস বা আম যাবে। বস্তুত এর সাথে ডায়রিয়ার কোন যোগ সূত্র নেই। ডায়রিয়ায় পায়খানায় পানির উপস্থিতি বা তারল্যই অধিক গুর“ত্বপূর্ণ।

পানি স্বল্পতার প্রথম ন্ড়রঃ

ডায়রিয়ার একেবারে প্রাথমিক পর্যায় প্রাথমিক স্ড়র এখানে সত্যিকার অর্থে পানি স্বল্পতা থাকেনা। ডায়রিয়ায় আক্রান্ড় রোগী সজাগ, সুস্থ দেখাবে, চোখ স্বাভাবিক মুখ জিহ্বা ভেজা থাকে এবং রোগী পানির তৃষ্ণাও বোধ করে না। পেটের চামড়া টেনে ধরে ছেড়ে দিলে সাথে সাথেই তা স্বাভাবিক অবস্থায় ফিরে যায়। এটি একটি গুর"ত্বপূর্ণ চিহ্ন বা উপসর্গ যা আমরা পরবর্তীতে দেখব।

চিকিৎসাঃ

অধিকাংশ ডায়রিয়ার রোগী এ স্ড়রের। এখানে যেহেতু পানি স্বল্পতা নেই তাই চিকিৎসার মূল্য লক্ষ্য পানি স্বল্পতা প্রতিরোধকরা। এ স্ড় রের রোগীকে ঘরে বসেই চিকিৎসা করা যায়। ঘরে চিকিৎসার তিনটি নীতি রয়েছে। যা হল-

১. বেশী বেশী তরল খাবার খেতে দিতে হবে।
২. বেশী বেশী খাবার দিতে হবে।
৩. অবস্থার উন্নতি না হলে হাসপাতালে নিয়ে যেতে হবে।

শিশুদের বেলায়ঃ

শিশুকে স্বাভাবিকের চেয়ে বেশী তরল থাকার দিতে হবে, ভাতের মাড়/চিড়ার পানি/ডাবের পানি-শিশু যতটুকু খেতে পারবে ততটুকু দিতে হবে। এবং প্রয়োজন মত খাবার স্যালাইন খেতে দিতে হবে। শিশুর বয়স যদি ২ বছরের কম হয় হবে প্রতিবার পায়খানার পর ঙ্গ-১কাপ, ২-১০ বছরের হলে ১-২ কাপ ১০ বছরের উর্ধ্বে হলে সে যতটুকু খেতে চায় ততটুকু খাবার স্যালাইন দিতে হবে। শিশুকে চামচ দিয়ে অথবা চুমুক দিয়ে আস্ড়ে আস্ড়ে খাওয়াতে হভে। যদি বমি হয় তবে ৫-১০ মিনিট অপেক্ষা করে ২-৩ মিনিট পরপর ১ চামচ করে স্যালাইন খাওয়াতে হবে।

পুষ্ঠিহীনতা প্রতিরোধে শিশুকে প্রচুর খাবার দিতে হবে। বুকের দুধ বা বয়স অনুযায়ী শিশু যে খাবারে অভ্যস্ড় তা ঘন ঘন খাওয়াতে হবে। ভাত ভাল/ডিম মাছ মাংষ খিছুড়ী নরম করে রান্না করে-১/২ চামাচ তেল মিশিয়ে খাওয়াতে হবে। প্রতি ৩ ঘন্টা অন্ড়র দিকে কমপক্ষে ৬ বার খাবার দিতে হবে। ছোট শিশুদের আরো বেশী। ডায়রিয়া বন্ধ হওয়ার পর দুই সপ্তাহ পর্যন্ড় শিশুকে দিনে একবার অতিরিক্ত খাবার দিতে হবে যাতে সে পুষ্ঠিহীনতায় আক্রান্ড় না হয়।

পানি স্বল্পতারঃ
দ্বিতীয় স্ড়রঃ

এ স্ড়রে এসে ডায়রিয়ায় আক্রান্ড় রোগী বেশী অস্থির, খিটখিটে হয়ে যায় চোখ বসে যায়, কাদলে চোখ দিয়ে পানি বের হয়ে না। মুখ জিহ্বা শুকিয়ে যায়। সে তৃষ্ণার্ত থাকে এবং পানি দিলে আগ্রহ ভরে পানি পান করে। পেটের চামড়া ধরে টেনে ছেড়ে দিলে ধীরে ধীরে স্বাভাবিক অবস্থায় ফিরে যায়। এক্ষেত্রে আমরা সিদ্ধান্ড় নিতে পারি যে তার কিছু পানিস্বল্পতা অথবা ংড়সব ফবযুফৎধঃরড়হ আছে।

চিকিৎসাঃ

এ স্ড়রে শিশুকে খাবার স্যালাইন দিতে হবে। রোগীর কতটুকু পরিমাণ খাবার স্যালাইন দরকার তা নির্ধারণে রোগীর ওজন কেজিতে মেপে যত কেজি হবে তাকে ৭৫ দিয়ে গুণ করলে যা হবে তত মি.লি. খাবার স্যালাইন খাওয়াতে হবে। তবে যদি সে আরো বেশী খেতে চায় তবে তাই দিতে হবে। এর পাশাপাশি বুকের দুধ ও স্বাভাবিক খাবার ঘন ঘন খাওয়াতে হবে এছাড়া প্রতি ১ ঘন্টা অন্ড়র রোগীর পানি স্বল্পতার স্ড়র নতুন করে নির্ধারণ করতে হবে। এতে যদি রোগীর অবস্থা উন্নতি হয় এবং পানি স্বল্পতা কেটে যায় তবে প্রথম স্ড়রের চিকিৎসা পদ্ধতি অনুসরণ করতে হবে আর যদি অবস্থার আরো অবনতি হতে থাকে এভং পরবর্তী স্ড়রের চলে যায় তবে চরম পানি শূন্যতার চিকিৎসা দিতে হবে।

তৃতীয় স্ড়রঃ

এক্ষেত্রে রোগী আসন্ন হতে নেতিয়ে পরে। ঘুম ঘুম ভাব থাকে। অজ্ঞান ও হয়ে যেতে পারে। চোখ বসে যায়। চোখে পানি থাকে না। মুখ ও জিহ্বা খুব শুকনো থাকে। পেটের চামড়া টান দিয়ে ছেড়ে দিলে অত্যন্ড় ধীরে স্বাভাবিক অবস্থায় ফিরে যায়।

এ অবস্থাকে আমরা চরম পানি শূন্যতা বলি।

চিকিৎসাঃ

এ ন্ড়রে রোগীকে দ্রুত কলেরা স্যালাইন দিতে হবে। সুতরাং যথাশীঘ্র চিকিৎসকের শরণাপন্ন হতে হবে অথবা হাসপাতালে নিয়ে যেতে হবে এবং এ প্রন্ড়তির সময়টাকে যদি শিশু খেতে পারে তবে তাকে খাওয়ার স্যালাইন খেতে দিতে হবে।

ডায়রিয়ার প্রভাবঃ

ডায়রিয়া অপুষ্ঠির অন্যতম কারণ। অপুষ্ঠিতে আক্রান্ড় শিশুদের রোগ প্রতিরোধ শক্তি কমে যাওয়ায় বার বার ডায়রিয়া আক্রান্ড় হওয়ার সম্ভাবনা থাকে এবং এক্ষেত্রে ডায়রিয়া মারাত্মক আকার ধারণ করতে পারে।

ঔষধঃ

প্রায় সব ক্ষেত্রেই ডায়রিয়া চিকিৎসা শুধুমাত্র স্যালাইন। ডায়রিয়ার জন্য দায়ী জীবানুসমূহের অধিকাংশের বিরুদ্ধে কোন কার্যকরী ঔষধ নেই। বরং এন্টিবায়োটিক, বিভিন্ন ঔষধের ব্যবহারে অনেক ক্ষতিকর প্রভাব ফেলতে পারে। বিশেষ করে চিকিৎসকের পরামর্শ ছাড়া অনেক সময়ই ডায়রিয়ায় বমি বা পায়খানা বন্ধ অথবা পেট ব্যাথা কমাবার ঔষধ খাওয়ানো হয়ে থাকে এসবের ব্যবহারে পেট ফুটে যেতে পারে। রোগী ঝিমিয়ে পড়তে এমনকি শিশু রোগীর তা মৃত্যুরও কারণ হতে পারে।

কিছু নির্বাচিত ক্ষেত্রে যদি মলে রক্ত থাকে অথবা রোগীর জ্বর থাকে তাহলে ঔষধের প্রয়োজন হয় সুতরাং এসব ক্ষেত্রে দ্রুত চিকিৎসকের সঙ্গে যোগাযোগ। তবে তখনও মনে রাখতে হবে যে স্যালাইনই ডায়রিয়ার প্রধান ঔষধ।

প্রশ্নঃ ডায়ারিয়ার চিকিৎসা কি শুধু হাসপাতালেই সম্ভব?

উত্তরঃ না-ঠিক তা নয়। রোগী যদি ডায়রিয়ার প্রথমন্ড়রে থাকে অর্থাৎ যতি তার শরীরে পানি স্বল্পতা না থাকে তবে ঘরে বসেই ডায়রিয়ার চিকিৎসা করা যাবে এবং এ ন্ড়রে চিকিৎসা ব্যবস্থা আগেই উলে-খ করা হয়েছে। এক্ষেত্রে যেহেতু ঘরে বসে চিকিৎসা ব্যবস্থা নির্ভর করছে মূলত মায়ের উপর এবং আমাদের অধিকাংশ জনগোষ্ঠি অশিক্ষিত অথবা স্বল্প শিক্ষিত তাই মাকে এ ব্যাপারে সুনির্দিষ্ট উপায়ে বলে দিতে হতে যেমন–

১. ডায়রিয়া চিকিৎসায় ঔষধের ভূমিকা নগন্য কারণ প্রায় সবাই ঔষধ চাবে।
২. অনেকের ধারনা আছে স্বাভাবিক খাবার/বুকের দুধে ডায়রিয়অ বাড়ে তাদের বলতে হবে যে শিশুকে সুস্থ্য, সজীব রাখতে অবশ্যই স্বাভাবিক খাবার বেশী বেশী করে খাওতে হবে।
৩. এ ছাড়া মাকে খাবার স্যালাইন তৈরী করার পদ্ধতি ও খাওয়ানোর নিয়ম ভাল করে বুঝিয়ে দিতে হবে।

প্রশ্নঃ তা হলে কখন হাসপাতালে নিয়ে যেতে হবে?

যদি ঘন ঘন পানির মত পাতলা পায়খানা বা বমি হতে থাকে।
যদি ৩ দিনের মধ্যেও রোগীর অবস্থার উন্নতি না হয়।
যদি খাওয়ায় অনিহা দেখা দেয় অথবা বন্ধ করে দেয়।
যদি প্রচন্ড় পানি পিপাসা থাকে।

যদি জ্বর অথবা মলে রক্ত দেখা দিলে ও দ্রুত হাসপাতালে নিয়ে যেতে পারে।

রোগীর প্রস্রাব বন্ধ হয়ে গেল। এটি ডায়রিয়া রোগের মারাত্মক জটিলতা। যদি ২৪ ঘন্টার মধ্যে প্রশ্রাব না হয় তবে রোগীকে নিকটবর্তী চিকিৎসা কেন্দ্রে নিয়ে যেতে হবে।

প্যাকেট স্যালাইন তৈরীর পদ্ধতিঃ

প্রথমে ভালোভাবে সাবান ও পরিষ্কার পানি দিয়ে হাত ধুয়ে নিতে হবে এরপর যে পাত্রে স্যালাইন তৈরী করা হবে তা পরিষ্কার পানি দিয়ে ভালো করে ধুয়ে নিতে হবে। এবার পাত্রে এক প্যাকেটের সবটুকু স্যালাইন ঢেলে দিয়ে এতে আধা লিটার পানি যোগ করে পরিষ্কার চামচ দিয়ে নাড়িয়ে পুরোটা স্যালাইন গুলি নিতে হবে। স্যালাইন তৈরীর আগে প্যাকেটের গায়ে স্যালাইনের মেয়াদকাল দেখে নেয়া ভালো এছাড়া শিশুকে খাওয়ানোর পূর্বে নিজেও একবার চোখে নিতে পারেন। সঠিকভাবে তৈরী স্যালাইনে সাধারণতঃ চোখের পানির ন্যায় নোনতা স্বাদের হয়ে থাকে।

যদি হাতের কাছে বা কাছাকাছি স্যালাইন পাওয়া না যায় অথবা সংগ্রহে বিলম্ব হয়ে তবে পূর্বে উলে-খিত সকল প্রস্তুতি লবণ ও ১ মুঠো গুড় বা চিনি আধাসের পানিতে তলানি বিহীনভাবে মিশিয়ে নিতে হবে। এখানে লক্ষ্য রাখতে হবে তৈরী সরবত বেশী লবণাক্ত হওয়া উচিত নয়। যদি চোখের পানির চেয়ে বেশী লবণাক্ত হয় তা ফেলে নতুনভাবে স্যালাইন তৈরি করতে হবে।

এখানে উলে-খ্য যে প্যাকেট থেকে তৈরী করা স্যালাইন ১২ ঘন্টা ও গুড়/চিনি দিয়ে তৈরী স্যালাইন ৬ ঘন্টা রাখা যায়। এ সময় উত্তীর্ণ হলে তা ফেলে দিয়ে নতুন স্যালাইন তৈরী করতে হবে।

ডায়রিয়া প্রতিরোধঃ

আমরা জানি প্রতিরোধ প্রতিকারের চেয়ে উত্তম। একটু সচেতন হলেই আমরা ডায়রিয়া প্রতিরোধ করতে পারি এবং সাশ্রয় করতে পারি, অর্থ, শ্রম এমনকি মহামূল্যবান জীবন। ডায়রিয়া প্রতিরোধ করার উপায় সমূহঃ-

১. ডায়রিয়া একটি পানি বাহিত রোগ, এজন্য ডায়রিয়া আমাদেরকে প্রথমতঃ বিশুদ্ধ পানি ব্যবহার করতে হবে। সাধারণত টিউব ওয়েলের পানি বা ফুটানো পানি ডায়রিয়ার জন্যে নিরাপদ। পরিষ্কার পাত্রে পানি এবং সংগ্রহ করতে হবে। পানির পাত্র ঢেকে রাখতে হবে।

২. হাত ধোয়া এবং পরিচ্ছন্নতা অবলম্বন করাঃ

ডায়রিয়ার জীবানু সবচাইতে বেশী ছড়ায় হাতের মাধ্যমে, দুষিত মল থেকে জীবানু হাতের মাধ্যম ছড়ায়। তাই সাবান ও যথেষ্ট পরিমাণ পরিষ্কার পানি দ্বারা পরিবারের সবাইকে ভালো ভাবে হাত ধৌত করেতে হবে-

বিশেষ করে- খাবার আগে ও পরে, শিশুকে খাওয়ানোর আগে, পায়খানা করার পরে, রান্না করার আগে এবং খাবার পরিবেশনের আগে।

৩. স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহার করতে হবে। পায়খানায় যেন মাছি ঢুকতে না পারে। বাচ্চাদের পায়খানা দ্রুত পরিষ্কার করতে আগে।

৪. জন্মের প্রথম ৫ মাস শিশু শুধুমাত্র বুকের দুধ খাবে এসময়ে তার পুষ্ঠির জন্যে বুকের দুধই যথেষ্ট। এমনকি পানির ও প্রয়োজনেই। কারণ এ পানির মাধ্যমে ডায়রিয়ার জীবানু প্রবেশ করতে পারে। ৫ মাস পর বুকের দুধের পাশাপাশি পুষ্ঠি চাহিদা মেটাতে অন্যান্য খাবার দিতে হবে। শিশুর খাবার তৈরীতে মাকে সর্তকতা অবলম্ভন করতে হবে। ভাল করে হাত দুয়ে তরল খাবার তৈরী করতে হবে। পরিষ্কার স্থানে, পরিষ্কার পাত্রে খাদ্যবস্তু যথেষ্ট সময়ে ধরে রান্না করতে বা ফুটাতে হবে। খাবার ঠিক পূর্বেই রান্না করা উত্তম। যদি খেতে বিলম্ব হয় তবে খাবার ঢেকে রাখতে হবে। যদি রান্না করার পর ২ ঘন্টা অতিক্রান্ড় হয়ে তবে আবার তা ভাল করে গরম করে তারপর খাওতে হবে।

৫. শিশুর বয়স নয় মাস পূর্ণ হলেই হামের টিকা নিতে হবে কারণ হাম শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যায় এবং শিশু সহজেই ডায়রিয়া ও অন্যান্য রোগের আক্রান্ড় হয়।

৬. বোতলের দুধ খাওয়ানো যাবে না, বোতলে সব সময় পরিষ্কার রাখা কঠিন এবং বোতলে জীবানু জন্মানোর সুযোগ পায়। এজন্যে বোতলে দুধ খাওয়ালে ডায়রিয়ায় আক্রান্ড় হওয়ার সম্ভাবনা বেড়ে যায়।

বন্যায়করনীয়ঃ

নিরাপদ খাবার পানি, নিরাপদ খাবার ও স্বাস্থ্য সম্মত পয়:নিষ্কাশন ব্যবস্থা নিশ্চিত করতে পারলে বন্যা ও পরবর্তী যে কোন মহামারীর প্রদুর্ভার প্রতিরোধও নিয়ন্ত্রণ করা যায়।

১. যত কষ্টই হোক দূষিত ও বাসি খাবার খাবেন না। খাবার ঢেকে রাখবেন। বাসি খাবার যদি একান্ড়ই খেতে হয় তবে অবশ্যই তা পুরোপুরি গরম করে খাবেন। খাবের আগে অবশ্যই বিশুদ্ধ পানি দ্বারা হাত ধুয়ে নেবেন। বিছানাপত্র রোদে ভালো ভাবে শুকানো।
২. খাবার রান্না করতে না পারলে- চিড়া, গুড়, মুড়ি, বিস্কুট খাওয়া নিরাপদ।
৩. পানি বিশুদ্ধ করার পদ্ধতিসমূহঃ
পানি ফুটাতে শুর" করলে আন্ড়ত ১০-১৫ মিঃ ধরে ফুটাবেন।
বৃষ্টির পানি পরিষ্কার পাত্রে রেখে ২ দিন পর্যন্ড় ব্যবহার করা যায়। বৃষ্টির পানি প্রথম ৫ মিঃ পর সংগ্রহ করতে হবে।
পানি বিশুদ্ধকরণ টেবিলেট দ্বারা পানি বিশুদ্ধ করা যায়। অন্ড়ত পক্ষে ২ ঘন্টা রাখার পর পানি পান বা অন্য কাজে ব্যবহার করা যাবে।

২৫ সের পানিতে ১.৪ চা চামচ বিলিইচং পাউডার মিশিয়ে ৩০ মিনিট রাখার পর পানি ব্যবহার করা যায়। সময় বি-চিং পাউডারের পুরোপুরি --------- জমার আগেই পানি ব্যবহার করতে হবে।

ফিটকিরি গুড়া করে পানিতে মিশিয়ে অন্ড়তঃ ২ ঘন্টা রেখে তার পর তা ব্যবহার করার যেতে পারে। ২ চা চামচ কি ----------।

পানিতে বা খোলা যায়গায় মলমূত্র ত্যাগ করবেন না। নতুবা বসতবাড়ি থেকে দূরে মাটিতে গর্ত করে মলত্যাগ করে ভালোভাবে মাটি চাপ দেবেন।

বন্যায় প্রথমেই অসুস্থতার শিকার হয় শিশু মহিলা ও দূর্বল স্বাস্থ্যের মানুষ তাদের প্রতি যত্ন নিন।